যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০২৬

১/ বিবিধ

আরবী

يا صاحب الحبل ألقه

ضعيف

ذكره ابن حزم في " المحلى " فقال (7/259) : روينا من طريق وكيع عن ابن أبي ذئب عن صالح بن أبي حسان: " أن رسول الله صلى الله عليه وسلم رأى محرما محتزما بحبل فقال.. " فذكره، وقال: مرسل لا حجة فيه

قلت: وهو كما قال، ورجاله ثقات، غير صالح بن أبي حسان فهو مختلف فيه، فقال البخاري: ثقة، وقال النسائي: مجهول، وقال أبو حاتم: ضعيف الحديث

وفي " التقريب ": صدوق من الخامسة

قلت: ومع ضعف هذا الحديث، فقد روي ما يخالفه، وهو بلفظ

رخص عليه السلام في الهميان للمحرم، ذكره ابن حزم (7/259) فقال

روينا من طريق عبد الرزاق عن الأسلمي عمن سمع صالحا مولى التوأمة أنه سمع ابن عباس يقول، فذكره مضعفا له

قلت: وهو ظاهر الضعف، فإن صالحا هذا ضعيف، والراوي عنه مجهول لم يسم والأسلمي أظنه الواقدي وهو محمد بن عمر بن واقد الأسلمي وهو متروك

قلت: والصواب فيه الوقف، فقد أخرج الدارقطني (261) والبيهقي (5/69) من طريق شريك عن أبي إسحاق عن عطاء وسعيد بن جبير عن ابن عباس قال

" رخص للمحرم في الخاتم والهميان

وشريك سيىء الحفظ، لكنه لم يتفرد به، فقد ذكره ابن حزم من طريق وكيع عن سفيان عن حميد الأعرج عن عطاء عن ابن عباس قال في الهميان للمحرم: لا بأس به
قلت: وهذا إسناد جيد موقوف، وقد علقه البخاري (3/309) عن عطاء، ووصله الدارقطني من طريق سفيان عن أبي إسحاق عن عطاء مثله
قلت: وهذا سند صحيح، ولهذا قال الحافظ في " الفتح
وهو أصح من الأول، يعني من رواية شريك عن أبي إسحاق عن عطاء عن ابن عباس، وهو كما قال، لما عرفت من حال شريك فمخالفته لسفيان لا تقبل، لكن خفيت على الحافظ طريق حميد الأعرج عن عطاء عن ابن عباس التي ذكرنا، فالصواب أنه صحيح عن كل من ابن عباس، وعطاء، وهذا إنما تلقاه عنه، وقد ورد نحوه عن عائشة أيضا أنها سئلت عن الهميان للمحرم؟ فقالت: وما بأس؟ ليستوثق من نفقته
أخرجه البيهقي بسند صحيح عنها، ورواه سعيد بن منصور بلفظ: إنها كانت ترخص في الهميان يشده المحرم على حقويه، وفي المنطقة أيضا
نقله ابن حزم عنه، وسنده صحيح على شرط الشيخين
وخلاصة القول: أن حديث ابن عباس هذا المخالف لحديث الترجمة ضعيف مرفوعا، صحيح موقوفا، وفيه دليل على جواز شد الهميان والمنطقة للمحرم، قال الحافظ قال ابن عبد البر: أجاز ذلك فقهاء الأمصار، وأجازوا عقده إذا لم يمكن إدخال بعضه في بعض، ولم ينقل عن أحد كراهته إلا عن ابن عمر، وعنه جوازه
وقد ذهب إلى جواز ذلك كله ابن حزم قال (7/259)
لأنه لم ينه عن شيء مما ذكرنا قرآن ولا سنة، " وما كان ربك نسيا

বাংলা

১০২৬। হে রশিধারী ব্যক্তি তুমি তা ফেলে দাও।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু হাযম “আল-মুহাল্লা” (৭/২৫৯) গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ওয়াকী সূত্রে ইবনু আবী যিঈব হতে বর্ণিত

হয়েছে, তিনি সালেহ ইবনু আবী হাসসান হতে বর্ণনা করেছেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ইহরামধারী ব্যক্তিকে রশি দিয়ে কমর বাধা দেখলে তাকে তিনি বলেনঃ ...।

অতঃপর ইবনু হাযম বলেনঃ এটি মুরসাল। এতে কোন দলীল নেই।

আমি (আলবানী) বলছিঃ তিনি যেরূপ বলেছেন সেরূপই। সালেহ ইবনু আবী হাসসান ছাড়া অন্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। তার ব্যাপারে মতভেদ করা হয়েছে। ইমাম বুখারী বলেনঃ তিনি নির্ভরযোগ্য। নাসাঈ বলেনঃ তিনি মাজহুল। আবু হাতিম বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি পঞ্চম স্তরের সত্যবাদী।

আলোচ্য হাদীসটি দুর্বল হওয়া সত্ত্বেও তার বিপরীত হাদীস বর্ণিত হয়েছে, তার ভাষা হচ্ছেঃ "রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুহরেমের জন্য দেরহাম রাখার উদ্দেশ্যে কিছু বাধার অনুমতি প্রদান করেছেন।" এটি ইবনু হাযম আল-মুহাল্লা" (৭/২৫৯) গ্রন্থে উল্লেখ করেছেন। সনদের এক বর্ণনাকারী তুওয়ামার দাস সালেহ দুর্বল আর তার থেকে বর্ণনাকারী নাম না নেয়া ব্যক্তি মাজহুল। আর আরেক বর্ণনাকারী আল-আসলামী আমার ধারণা তিনি ওয়াকেদী তার নাম মুহাম্মাদ ইবনু উমর ইবনু ওয়াকেদ আসলামী তিনি মাতরূক।

তবে হাদীসটি মওকুফ হিসেবে সঠিক। দারাকুতনী (২৬১) ও বাইহাকী (৫/৬৯) শুরায়েক সূত্রে ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ 'মুহরেমের জন্য আংটি ও দেরহাম (কমরে বেঁধে) রাখার ক্ষেত্রে অনুমতি আছে।'

শুরায়েকের হেফযে ত্রুটি আছে, তবে তিনি এককভাবে বর্ণনা করেননি। ওয়াকীর সূত্রে ইবনু হাযম উল্লেখ করেছেন।

এ সনদটি মওকুফ হিসেবে ভাল। বুখারী আতা হতে মুয়াল্লাক হিসেবে আর দারাকুতনী মওসূল হিসেবে সুফিয়ান সূত্রে আতা হতে অনুরূপভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি সহীহ। এ কারণে হাফিয ইবনু হাজার "আল-ফাতহ" গ্রন্থে বলেছেনঃ শুরায়েকের হাদীসটির চেয়ে এটি বেশী সহীহ।

এছাড়া আয়েশা (রাঃ) হতে সহীহ সনদে (মুহরেমের জন্য কোমরে দেরহাম বেঁধে রাখা এবং কোমরবন্ধেও রাখা জায়েয আছে) অনুরূপ হাদীস মওকুফ হিসেবে বর্ণিত হয়েছে। এটি বাইহাকী বর্ণনা করেছেন।

মোটকথা মুহরেম ব্যক্তির জন্য কোমরে দেরহাম বেঁধে রাখা ও কোমর বন্ধে দরহাম রাখা জায়েয আছে। তা ইবনু আব্বাস ও আয়েশা (রাঃ) হতে মওকুফ হসেবে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71905

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন